



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ০৯ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

## আওয়ামীলীগ নেতা মরহুম এনামুল হক এর শোক সভায় মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আ জ ম নাছির উদ্দীন বলেছেন, রাজনৈতিক কর্মীদের সকল কর্মকান্ড জনকল্যাণে নিবেদিত হতে হবে। সে লক্ষ্যেই আওয়ামীলীগ নেতা মরহুম এনামুল হক রাজনীতিকে আজীবন জনকল্যাণে কাজে লাগিয়েছেন। তিনি রাজনীতির পাশাপাশি সমাজ সেবাকে সমধিক গুরুত্ব দিয়ে অসহায় মানুষের সেবা করে গেছেন বলেই তিনি সকলের নিকট গ্রহণযোগ্য ব্যক্তি ছিলেন। প্রসঙ্গক্রমে মেয়র বলেন, আওয়ামীলীগ প্রতিষ্ঠার পর থেকেই প্রধানমন্ত্রী মানুষের কল্যাণে নিবেদিত বর্তমান সরকার জনগণের কল্যাণে কাজ করে যাচ্ছে। বর্তমান বাংলাদেশ প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে যাচ্ছে। উন্নয়নের সুফল মানুষের ঘরে ঘরে পৌঁছে গেছে। হতদরিদ্র বাংলাদেশ নিম্ন আয়ের দেশে উপনীত হয়েছে। ২০৩০ সালের মধ্যে বাংলাদেশ থেকে ক্ষুধা ও দারিদ্র্য চলে যাবে। ফলে বাংলাদেশ হবে উন্নত দেশগুলোর একটি। তিনি আসন্ন নির্বাচনে নৌকা প্রতীকে ভোট দিয়ে আওয়ামীলীগকে পুনরায় ক্ষমতায় আসীন করার লক্ষ্যে দলের সর্বস্তরের নেতা কর্মীদের সুদৃঢ় ঐক্য কামনা করেন। ৪ নং চান্দগাঁও ওয়ার্ড আওয়ামীলীগের সাংগঠনিক সম্পাদক মরহুম এনামুল হকের শোক সভায় মেয়র প্রধান অতিথির ভাষণে এসব কথা বলেন। স্থানীয় চান্দগাঁও কমিউনিটি সেন্টারে ৯ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. শুক্রবার, বিকেলে অনুষ্ঠিত ৪নং চান্দগাঁও ওয়ার্ড আওয়ামীলীগ আয়োজিত শোক সভায় সভাপতিত্ব করেন উক্ত ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি নূর মোহাম্মদ নুরু। সভায় বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান ও চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের কোষাধ্যক্ষ আলহাজ্ব আবদুচ ছালাম, উপদেষ্টা সাবেক কমিশনার আলহাজ্ব নুরুল ইসলাম, সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ, মহিলা বিষয়ক সম্পাদিকা ও চসিক প্যানেল মেয়র মিসেস জোবাইরা নাগিস খান। অত্র ওয়ার্ড আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এডভোকেট আইউব খানের উপস্থাপনায় অনুষ্ঠিত শোক সভায় মরহুম এনামুল হকের পুত্র ইমন, ওয়ার্ড আওয়ামীলীগের সহ সভাপতি মো. ইসা, আওয়ামীযুবলীগের কেন্দ্রীয় নেতা শহিদুল কাউসার, ওয়ার্ড আওয়ামীযুবলীগের সাধারণ সম্পাদক সরওয়ার খান, সাংগঠনিক সম্পাদক ইব্রাহিম পুতু, স্বৈচ্ছাসেবকলীগের নেতা শওকত আকবর রাশেদ, ছাত্রনেতা আলা উদ্দিন, জাকারিয়া জাহেদ সাফায়েত, মঞ্চে ওয়ার্ড আওয়ামীলীগ, জাতীয় শ্রমিকলীগ কালুরঘাট অঞ্চল, মহিলা আওয়ামীলীগ, ইউনিট আওয়ামীলীগ, আওয়ামীযুবলীগ, আওয়ামী স্বৈচ্ছাসেবকলীগ ও ছাত্রলীগের বিভিন্ন স্তরের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা সভায় বিশেষ অতিথি চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের চেয়ারম্যান আবদুচ ছলাম বলেন, দুর্নীতিবাজরা কৌশলে দেশের অর্থনীতিকে ধ্বংস করার জন্য আবারও চক্রান্ত শুরু করেছে। তাদের এ চক্রান্ত প্রতিহত করতে মরহুম এনামুল হকের মত নিবেদিত প্রান কর্মীর প্রয়োজন। তিনি সকলকে ভেদাভেদ ভুলে ঐক্যবদ্ধ হয়ে সরকারের সুফল জনগনের দোরগোড়ায় পৌঁছে দেয়ার দায়িত্ব নিতে আহবান জানান।

চট্টগ্রাম- ০৯ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

## **একটি উন্নত রাষ্ট্রের পর্যায়ে উন্নীত করতে কারিগরি শিক্ষার কোন বিকল্প নেই**

-----সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, ব্যবহারিক পর্যায়ে কারিগরি শিক্ষার গ্রহণযোগ্যতা ও অবস্থান উন্নতকরণে বর্তমান সরকার ঐকান্তিকভাবে কাজ করে যাচ্ছে। বাংলাদেশকে বিশ্ব দরবারে একটি উন্নত রাষ্ট্রের পর্যায়ে উন্নীত করতে কারিগরি শিক্ষার কোন বিকল্প নেই। এই উপলক্ষিকে সামনে রেখে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা'র সরকার কারিগরি শিক্ষা কার্যক্রম সাধারণ শিক্ষা পর্যায় থেকে শুরু করে উচ্চ পর্যায় পর্যন্ত ২০ শতাংশে উন্নীতকরণে নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছেন। দেশকে উন্নত রাষ্ট্রে উন্নীত করার লক্ষ্যে কারিগরি শিক্ষার সাথে সম্পৃক্ত সকলকে সরকারের গৃহিত উদ্যোগ বাস্তবায়নে সহযোগিতা করতে মেয়র আহবান জানান। ০৯ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. শুক্রবার, সকালে চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট এলামনাই এসোসিয়েশনের উদ্যোগে প্রাক্তন ছাত্রছাত্রীদের অংশগ্রহনে আয়োজিত দিনব্যাপী পূর্ণমিলনী অনুষ্ঠানের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র এ আহবান জানান। চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট প্রাঙ্গনে অনুষ্ঠিত পূর্ণমিলনী ও সম্মেলনে সভাপতিত্ব করেন চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট এর অধ্যাপক মো. নুরুল কবীর। এতে বিশেষ অতিথির বক্তব্য রাখেন আইডিইডি কেনিক সাধারণ সম্পাদক প্রকৌশলী শামসুর রহমান, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট অধ্যক্ষ রুহুল আমিন, প্রকৌশলী দেওয়ান মাকসুদ, রুরাল পাওয়ার কোম্পানি লিমিটেড এর ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী আবদুচ সবুর, প্রতিষ্ঠানের সাবেক অধ্যক্ষ শওকতুল ইসলাম, ব্রাহ্মনবাড়িয়া পলিটেকনিক ইনস্টিটিউট অধ্যক্ষ নুরুল হক, চট্টগ্রাম পলিটেকনিক ইনস্টিটিউট এলামনাই এসোসিয়েশনের সদস্য সচিব প্রকৌশলী এ এম মহিউদ্দিন, সাদরুল করিম সগির, ক্লিপটন গ্রুপের এ এম মহিউদ্দিন চৌধুরী সহ অন্যান্যরা।

**সংবাদদাতা**

**মো. আবদুর রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**